

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
শিক্ষা মন্ত্রণালয়
কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ
বাংলাদেশ সচিবালয়, ঢাকা
www.tmed.gov.bd

ডকেট নং ৪১৭ তাং ১১/০২/২৫
পেশ করুন.....
নথীজাত করুন.....
কর্মকর্তার স্বাক্ষর.....

স্মারক নম্বর: ৫৭.০০.০০০০.০৫৬.৯৮.০০১.২৫.২৪

তারিখ: ২৬ মার্চ ১৪৩১
০৬ ফেব্রুয়ারি ২০২৫

বিষয়: কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগের পরিচালন বাজেটের আওতায় ২০২৪-২৫ অর্থবছরের বেসরকারি কারিগরি ও মাদ্রাসা শিক্ষা প্রতিষ্ঠানের একাডেমিক ভবন নির্মাণ/সম্প্রসারণ এবং মেরামত ও সংস্কার কাজের কর্মসূচি প্রণয়নের লক্ষ্যে প্রতিষ্ঠানের তালিকা প্রেরণ।

কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগের পরিচালন বাজেটের আওতায় ২০২৪-২৫ অর্থবছরের বেসরকারি কারিগরি ও মাদ্রাসা শিক্ষা প্রতিষ্ঠানের একাডেমিক ভবন নির্মাণ/সম্প্রসারণ এবং মেরামত ও সংস্কার কাজের কর্মসূচি প্রণয়নের লক্ষ্যে নিম্নবর্ণিত নিয়ামকসমূহের ভিত্তিতে সংশ্লিষ্ট জেলার নির্বাহী প্রকৌশলী, শিক্ষা প্রকৌশল অধিদপ্তর এর মাধ্যমে তালিকা সংগ্রহপূর্বক প্রতিটি উপজেলা থেকে ভবন নির্মাণ/সম্প্রসারণ এবং মেরামত ও সংস্কার এর জন্য উপযুক্ত প্রতিষ্ঠানের নাম প্রধান প্রকৌশলী, শিক্ষা প্রকৌশল অধিদপ্তর, ঢাকা বরাবর আগামী ১৩.০২.২০২৫ খ্রি. তারিখের মধ্যে প্রেরণ করার জন্য অনুরোধ করা হলো।

প্রতিষ্ঠান নির্বাচনের নিয়ামকসমূহ:

- বিগত ৫ বছর এবং ১০ বছরে যে সকল শিক্ষা প্রতিষ্ঠানের ভবন নির্মাণ/উর্ধ্বমুখী সম্প্রসারণ করা হয় নাই বা মেরামত ও সংস্কার কাজ করা হয় নাই সেসকল প্রতিষ্ঠান অগ্রাধিকার পাবে;
- অধিক ছাত্র-ছাত্রীর সংখ্যা বিশিষ্ট শিক্ষা প্রতিষ্ঠান বেশি গুরুত্ব পাবে;
- বিভিন্ন পাবলিক পরীক্ষা কেন্দ্র সংশ্লিষ্ট শিক্ষা প্রতিষ্ঠান অগ্রাধিকার পাবে;
- প্রান্তিক (Remote) এলাকার শিক্ষা প্রতিষ্ঠান বেশি গুরুত্ব পাবে;
- বন্যা প্রবণ/প্রাকৃতিক দুর্যোগ প্রবণ এলাকার ক্ষতিগ্রস্ত প্রতিষ্ঠান অগ্রাধিকার পাবে;
- শিক্ষা প্রতিষ্ঠানের বৈদ্যুতিক, শোচাণারি নির্মাণ/মেরামত ও সংস্কার ও পানি সরবরাহ সংক্রান্ত নির্মাণ/মেরামত ও সংস্কার অগ্রাধিকার পাবে;
- যে সকল শিক্ষা প্রতিষ্ঠানের স্বীকৃতি ও EIIN নম্বর নাই সে সকল প্রতিষ্ঠান বিবেচনা করা যাবে না;
- যে সকল প্রতিষ্ঠানে কাঁচা/সেমিপাকা ভবন বিদ্যমান উক্ত প্রতিষ্ঠানের ভবন নির্মাণে অগ্রাধিকার পাবে।

মো: নজরুল ইসলাম
সচিব (বুটিন দায়িত্বে)
কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ
শিক্ষা মন্ত্রণালয়

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়
রাজারহাট, কুড়িগ্রাম।

স্মারক নং-০৫.৪৭.৪৯৭৭.০০০.০৪.০০৯.২৩-১৯০

তারিখ: ২৮ মার্চ ১৪৩১
১১ ফেব্রুয়ারি ২০২৫

বর্ণিত পত্রে উল্লিখিত নির্দেশনা মোতাবেক শর্তাবলী অনুসরণপূর্বক বেসরকারি কারিগরি ও মাদ্রাসা শিক্ষা প্রতিষ্ঠানের একাডেমিক ভবন নির্মাণ/সম্প্রসারণ এবং মেরামত ও সংস্কার কাজের জন্য আগামী ১৩/০২/২০২৫ তারিখ অফিস চলাকালীন সময়ের মধ্যে নিম্নস্বাক্ষরকারী বরাবর আবেদন (শিক্ষা প্রতিষ্ঠানের অব অকাঠামোর পূর্ণাঙ্গ স্থিরচিত্রসহ) দাখিল করার জন্য অনুরোধ করা হলো।

অধ্যক্ষ/সুপার

..... মাদ্রাসা

রাজারহাট, কুড়িগ্রাম।

মোঃ আল ইমরান
উপজেলা নির্বাহী অফিসার,
রাজারহাট, কুড়িগ্রাম
মোবাঃ ০১৭০৯৯৭৪৫০২
unorajarhat@mopa.gov.bd